গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
রাজনগর, মৌলভীবাজার।

স্মারক নং-১৩.০১.৫৮৮০.০০২.৫৭.০০১.১২.৫৯৮ তারিখঃ ১২/১১/২০২৪ খ্রি.

## রাজনগর উপজেলা ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,খাদ্য মন্ত্রণালয়ের ০৮/১০/২০২৪ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০২ নং স্মারকে জারীকৃত খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা ২০২৪ খ্রি. ও ০৯/১০/২০২৪খ্রি.তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৫ নং স্মারকে জারীকৃত পরিপত্র এবং ১২/১১/২০২৪ খ্রি.তারিখে অনুষ্ঠিত উপজেলা ওএমএস কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ওএমএস কার্যক্রমে খাদ্যশস্য বিক্রয়ের জন্য রাজনগর উপজেলা সদরে ০৩(তিন) টি বিক্রয় কেন্দ্রে যথা (১) রাজনগর বাজার (২) তারাপাশা বাজার, কামারচাক ও (৩) কালারবাজার, উত্তরভাগ ওএমএস ডিলার নিয়োগ করা হবে। ওএমএস ডিলার হিসেবে নিয়োগ লাভে আগ্রহী নিম্নেবর্ণিত যোগ্যতা সম্পন্ন স্থানীয় প্রকৃত ব্যবসায়ী/প্রতিষ্ঠানকে আগামী ২১/১১/২০২৪খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন কোড নং-'১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯ অন্যান্য আদায়' খাতে ট্রেজারী চালানের (ই-চালান) মাধ্যমে সরকারি কোষাগারে ফি বাবদ ৫০০/-(পাচশত) টাকা (অফেরত যোগ্য) জমা দিয়ে চালানের ফটোকপি অত্র কার্যালয়ে দাখিল করে অথবা নগদ ৫০০/- টাকা জমা দিয়ে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করতে হবে। টাকা জমা দেওয়ার পূর্বে অত্র কার্যালয় হতে চালান পাশ করে নিতে হবে। প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদন পত্র জমা প্রদানের শেষ সময় আগামী ২১/১১/২০২৪খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে দাখিল করতে হবে। অত্র কার্যালয় হতে সরবরাহকৃত নির্ধারিত আবেদন ফরম ব্যতীত অন্য কোনো ছকে/ফরমে দাখিলকৃত আবেদন গ্রহণযোগ্য হবে না। তাছাড়া, নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোনো আবেদন গ্রহন করা হবে না।

### ওএমএস ডিলার হিসেবে নিয়োগের জন্য আবেদনকারীর নিম্নোক্ত যোগ্যতা থাকতে হবে:-

ক) বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে যে কোন নাগরিক আবেদন করতে পারবেন;

খ) রাজনগর উপজেলাধীন সংশ্লিষ্ট ইউনিয়নের হালনাগাদ ট্রেড লাইসেন্সধারী ব্যবসায়ী হতে হবে;

গ) আবেদনকারীকে খাদ্যশস্যের লাইসেন্স (ফুডগ্রেইন লাইসেন্স) প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে;

ঘ) আবেদনকারীকে কমপক্ষে ০৩ (তিন) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে;

ঙ) মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে;

চ) নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাকে/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে;

ছ) খাদ্য অধিদপ্তরের কোন ডিলার /মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত,কালো তালিকাভুক্ত বা যে কোন অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না;

জ) খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসেবে কর্মরত কোনো ব্যক্তি/তাঁর উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না;

ঝ) প্রজাতন্ত্রের লাভ জনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারি/জন প্রতিনিধি ডিলার হতে পারবেন না;

ঞ) কোনো ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে ''নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না'' মর্মে অঙ্গীকার নামা আবেদনের সাথে দাখিল করতে হবে; এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশিপ বাতিল হবে;

ট) ওএমএস ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়:

ঠ) ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্টফোন/ তথ্যসংগ্রহের ইলেক্ট্রনিকস ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহার সক্ষমতা থাকতে হবে;

ড) খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা,২০১৫ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণ এ নীতি মালায় নতুন ভাবে আবেদন করতে পারবেন। বিদ্যমান ডিলারের মধ্যে কেউ বর্তমান নীতিমালা অনুযায়ী যোগ্য বিবেচিত হলে তাঁকে নতুন ডিলার হিসাবে তালিকা ভূক্তির জন্য বিবেচনা করা যাবে।

ঢ) আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রের জন্য ডিলার হতে আগ্রহী আবেদন পত্রে সেই বিক্রয় কেন্দ্রের স্থান উল্লেখ করতে হবে এবং খামের উপরে বিক্রয় কেন্দ্রের নাম উল্লেখ করতে হবে। অত্র কার্যালয় হতে আবেদন পত্রের সাথে বিক্রয় কেন্দ্রের তালিকা সরবরাহ করা হবে।

ণ) এক ব্যক্তি একাধিক কেন্দ্রে ওএমএস ডিলার হিসাবে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন না। যদি কেহ একাধিক কেন্দ্রে ডিলার হিসাবে নিয়োগের জন্য আবেদন পত্র দাখিল করেন তাহলে তার সকল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

চলমান পাতা-২

**আবেদন পত্রের সাথে যে সকল প্রয়োজনীয় কাগজ পত্র জমা প্রদান করতে হবেঃ**

(১) পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি সত্যায়িত ছবি (২) ফুডগ্রেইন/খাদ্যশস্য লাইসেন্সের সত্যায়িত কপি (৩) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত ট্রেডলাইসেন্স এর সত্যায়িত কপি (৪) ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদপত্র (৫) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্র (নিজের হলে দলিলপত্র/ভাড়া হলে চুক্তিপত্র ) সত্যায়িত ফটো কপি দিতে হবে (৬) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটো কপি (৭) নাগরিকত্ব সনদ পত্রের সত্যায়িত কপি এবং (৮) নির্ধারিত অঙ্গিকার নামা।

**ডিলার নির্বাচনের ক্ষেত্রে উপজেলা ওএমএস কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। ডিলার নিয়োগ সংক্রান্ত সকল তথ্য অত্র দপ্তরের ওয়েবপোর্টাল এবং অত্র কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজনগর এর নোটিশ বোর্ড হতে জানা যাবে।**

১২/১১/২০২৪

(বিনয় কুমার দেব)
উপজেলাখাদ্যনিয়ন্ত্রক (অঃদাঃ)
রাজনগর, মৌলভীবাজার।
তারিখঃ ১২/১১/২০২৪ খ্রি.

স্মারক নং-১৩.০১.৫৮৮০.০০২.৫৭.০০১.১২.৫৯৮(১২)

অনুলিপিঃ- সদয় অবগতি/অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ঢাকা;
২. জেলা প্রশাসক, মৌলভীবাজার;
৩. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট;
৪. উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর, মৌলভীবাজার;
৫. জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার;
৬. উপজেলা কৃষি অফিসার, রাজনগর ও সদস্য উপজেলা ওএমএস কমিটি;
৭. উপজেলা শিক্ষা অফিসার, রাজনগর ও সদস্য উপজেলা ওএমএস কমিটি;
৮. চেয়ারম্যান, রাজনগর/কামারচাক/উত্তরভাগ ইউনিয়ন পরিষদ, রাজনগর, মৌলভীবাজার;
৯. নোটিশ বোর্ড, অত্র কার্যালয়;
১০. অফিস কপি।

১২/১১/২০২৪

(বিনয় কুমার দেব)
উপজেলাখাদ্যনিয়ন্ত্রক(অঃ দাঃ)
রাজনগর, মৌলভীবাজার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
রাজনগর, মৌলভীবাজার।

## উপজেলা ওএমএস কমিটির সভার কার্যবিবরণী

**সভাপতিঃ** **জনাব সুপ্রভাত চাকমা , উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর, মৌলভীবাজার।**
সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ
তারিখ ও সময়ঃ ১২/১১/২০২৪ খ্রি. দুপুর ১২:০০ঘটিকা

সম্মানিত উপস্থিত সদস্যগণের উপস্থিতি বিবরণী পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর ও সদস্য-সচিব, উপজেলা ওএমএস কমিটিকে আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সদস্য-সচিব বলেন যে, সারাদেশে নিম্ন আয়ের মানুষকে স্বল্প মূল্যে খাদ্য সহায়তা প্রদান এবং বাজার দর স্থিতিশীল রাখার লক্ষ্যে পাবলিক ফুড ডিষ্ট্রিবিউশন সিস্টেম (PFDS) এর আওতায় খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) কার্যক্রমে চাল ও আটা বিক্রয় কার্যক্রমের পরিধি অধিকতর স্বচ্ছ, গতিশীল ও জনবান্ধব করার লক্ষ্যে খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং-১৩.০০.০০০০.০৪৬.৩৬. ০০১.২০.২০২ তারিখ ০৭/১০/২০২৪ খ্রি. মূলে "খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪" ও স্মারক নং-১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৫ তারিখ ০৯/১০/২০২৪ খ্রি. মূলে ওএমএস ডিলার নিয়োগ সংক্রান্ত এক খানা "পরিপত্র" জারি করা হয়েছে। পরিপত্রে পূর্বের নিয়োগকৃত সকল ডিলার বাতিল পূর্বক নীতিমালা-২০২৪" অনুসারে নতুন ডিলার নিয়োগ না হওয়া পর্যন্ত বর্তমানে নিয়োজিত ডিলারগণ দ্বারা নভেম্বর/২০২৪ পর্যন্ত ওএমএস কার্যক্রম পরিচালিত হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন জারীকৃত ওএমএস নীতিমালা'২০২৪ এবং পরিপত্র অনুযায়ী রাজনগর উপজেলায় ০৩ (তিন) জন ডিলার নিয়োগ করা যাবে। এজন্য বিজ্ঞপ্তি দিয়ে তা পত্রিকায় প্রকাশের নির্দেশনা রয়েছে। নীতিমালার ১৩(ক) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা ওএমএস কমিটি কর্তৃক বিক্রয় কেন্দ্রের স্থান নির্ধারণ করা আবশ্যক। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় বলেন নীতিমালা অনুযায়ী জনবহুল ও দরিদ্র মানুষের ঘনবসতি বিবেচনায় বিক্রয়কেন্দ্রগুলো নির্বাচন করতে হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপস্থিত সদস্যগণ উপজেলার অধিকাংশ দরিদ্র জনসাধারণের সুবিধায় রাজনগর বাজার, তারাপাশা বাজার এবং কালার বাজারে ডিলার নিয়োগের বিক্রয়কেন্দ্র নির্ধারণ করা যায় মর্মে মতামত প্রদান করেন। ডিলার নিয়োগ সহ ওএমএস কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার নিমিত্ত সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

<u>সিদ্ধান্তসমূহঃ</u>

১। ওএমএস নীতিমালা'২০২৪ অনুযায়ী ডিলার নিয়োগের বিক্রয় কেন্দ্র হিসেবে (১) রাজনগর বাজার, (২) তারাপাশা বাজার ও (৩) কালার বাজার নির্ধারণ হয়।
২। সদস্য-সচিব কমপক্ষে ৭(সাত) দিন সময় দিয়ে ডিলার নিয়োগের বিজ্ঞপ্তি জারী করবেন। বিজ্ঞপ্তিটি একটি স্থানীয় পত্রিকায় প্রকাশের ব্যবস্থা করতে হবে।
৩। বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন গ্রহণ শেষ হওয়ার পর কমিটির পরবর্তী সভায় ডিলার নিয়োগ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সুপ্রভাত চাকমা)
উপজেলা নির্বাহী অফিসার
রাজনগর, মৌলভীবাজার
ও
সভাপতি
উপজেলা ওএমএস কমিটি।

চলমান পাতা-২

স্মারক নং- ১৩.০১.৫৮৮০.০০২.৫৭.০০১.১২.　　　　　　　　　　তারিখঃ　　/১১/২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদসয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেস্ঠতার ক্রমানুসারে নয়)।

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
২। জেলা প্রশাসক, মৌলভীবাজার;
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট;
৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার;
৫। উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর;
৬। উপজেলা কৃষি অফিসার, রাজনগর ও সদস্য উপজেলা ওএমএস কমিটি;
৭। উপজেলা শিক্ষা অফিসার, রাজনগর ও সদস্য উপজেলা ওএমএস কমিটি;
৮। চেয়ারম্যান, রাজনগর ইউনিয়ন পরিষদ ও সদস্য উপজেলা ওএমএস কমিটি;
৯। অফিস কপি।

২৭/১১/২০২৪

(বিনয় কুমার দেব)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অঃদাঃ)
রাজনগর, মৌলভীবাজার
ও
সদস্য সচিব
উপজেলা ওএমএস কমিটি।